"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

## এপ্রিল /২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা

সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত মার্চ/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয় এবং সভার আল্যেচ্য সূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) |
| ০১। | প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম: | ১.১ | • (APA & NIS) বাস্তবায়নঃ APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের সচেষ্ট হওয়ার তাগিদ দেওয়া হয়। | ১। পরিচালক (সকল)<br>২। প্রকল্প পরিচালক(সকল)<br>৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA & NIS) |
| | | ১.২ | • নিয়োগ সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া দ্রুত চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ১.৩ | • STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Development Human Research Managment Enhancement অনুযায়ী PDS বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | সাধারন সেবা : | ১.৪ | • বিএমইটি'র সিস্টেম এনালিস্ট ও আইটি অভিজ্ঞদের সমন্বয়ে কমিটি গঠন করে নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার সামগ্রী সর্বোচ্চ স্বচ্ছতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সহকারী পরিচালক (সাধারণ সেবা)। |
| | | ১.৫ | • বিএমইটি'র সম্মেলন কক্ষে জুম মিটিং এর জন্য ওয়েব ক্যামেরা এবং ০৩(তিন) টি স্মার্ট বোর্ড একসাথে টেন্ডার দিয়ে পরবর্তী অর্থ বছরে বাজেট প্রাপ্তিতে কেনার সিদ্ধান্ত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সহকারী পরিচালক (সাধারণ সেবা) |
| | আইটি শাখা: | ১.৬ | • বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে দ্রুততম সময়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট |
| ০২। | বহির্গমন শাখার কার্যক্রমঃ | ২.১ | • বহির্গমন শাখার ডাটাশীটগুলোর তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণপূর্বক সেগুলো বিনষ্ট করণের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (বহির্গমন ও প্রটোকল) |
| | | ২.২ | • যে সকল রিক্রুটিং এজেন্সি সৌদিআরব এবং দুবাই বেশি কর্মী প্রেরণ করছেন তাদেরকে নিয়ে একটি অনলাইন সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (বহির্গমন ও প্রটোকল) |
| ০৩। | কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ | ৩.১ | • RAIMS এর বিষয়ে আইটি'র সহযোগিতায় একটি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত হয়। সকল রিক্রুটিং এজেন্সির তথ্য RAIMS-এ অন্তর্ভুত থাকবে। রিক্রুটিং এজেন্সিকে সেবা প্রদানের ক্ষেত্রে এটি একটি Document হিসেবে বিবেচিত হবে। এ বিষয়ে রিক্রুটিং এজেন্সির প্রতিনিধিদের/মালিকদের সাথে ০১টি ভার্চুয়াল সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৩.২ | • ৩৩১ টি রিক্রুটিং এজেন্সির মধ্যে ১১৯ টি রিক্রুটিং এজেন্সি জামানতের টাকা প্রদান করেছে। অবশিষ্ট ২১২টি এজেন্সি জামানতের অবশিষ্ট টাকা প্রদান করেনি। তাদের লাইসেন্স লক করার বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা ছিল। এ বিষয়ে প্রশাসনিক | পরিচালক (কর্মসংস্থান) |

| ক্রম: | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪। | প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ | ৪.১ | • **NTVQF/RPL** এর আওতায় Level-2 কোন কোন টিটিসি করতে পারবে সে বিষয়ে অধ্যক্ষের মতামতের জন্য পত্র প্রেরণের করার সিদ্ধান্ত হয়। ৩৬০ ঘন্টার কোর্সের মেয়াদ ৬ মাস করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের মতামতের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৪.২ | • প্রশিক্ষণ শাখা অধ্যক্ষদের সমন্বয়ে প্রতিমাসে ০১টি অভ্যন্তরীণ সভা করবেন। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৪.৩ | • টিটিসি/আইএমটিসমূহে প্রশিক্ষণার্থীদের কোর্স সমাপনী সনদ Online থাকবে যা প্রশিক্ষণার্থী ডাউনলোড করে প্রিন্ট করতে পারবে। এ সংক্রান্ত সকল তথ্য টিটিসি/আইএমটি'র ওয়েবসাইটে থাকবে। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| ০৫। | '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ | ৫.১ | • '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির নকশা চূড়ান্ত করার বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের সাথে উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেনকে এক সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন প্রদানের নির্দেশনা দেওয়া হয়। | উপপরিচালক (প্রশি:) জনাব জাহাঙ্গীর হোসেন |
| | 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ | ৫.২ | • **'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক** প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত দ্রুততম সময়ে ডিপিপি প্রণয়ন সংক্রান্ত অগ্রগতি মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। | ১। পরিচালক (প্রশিক্ষণমান ও পরিকল্পনা)<br>২।উপপরিচালক (প্রশি:) জনাব জাহাঙ্গীর হোসেন |
| ০৬। | 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প' | ৬.১ | • **'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্পে'র** অধীনে অক্টোবর'২১ হতে জুন'২২ পর্যন্ত মোট ৯,২০৮জন প্রশিক্ষাণার্থী ভর্তি হয়েছেন। তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ ১৯৯৭জন, লাইসেন্স প্রাপ্ত হয়েছেন ২৭৯জন এবং স্মার্ট কার্ড পেয়েছে ১৪জন।<br>• ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদের অধিক হারে ড্রাইভিং লাইসেন্স প্রদানে সহযোগিতা জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) |
| ০৭। | প্রকল্পসমূহের কার্যক্রমঃ | ৭.১ | • '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পসহ চীফ ইন্সট্রাক্টর হতে সদ্য পদায়নকৃত অধ্যক্ষদের নিয়ে ২দিন ব্যাপি ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলোচক থাকবেন পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), প্রকল্প পরিচালক, পুরাতন টিটিসি'র অধ্যক্ষগণ, পাশ্ববর্তী টিটিসি' অধ্যক্ষগণ এবং মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত বুরোর কর্মকর্তাগণ। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। প্রকল্প পরিচালক (৪০ টিটিসি) |
| ০৮। | অনিষ্পন্ন বিষয়ঃ | ৮.১ | • বিএমইটির প্রতিটি শাখার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (সকল)<br>২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল আলম, এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.org.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ১২০৬

তারিখ: ১৭.০৫.২০২২ খ্রিঃ।

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল) ।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।